# মগবাজার ফ্লাইওভার থেকে বোমা নিক্ষেপ, পথচারী যুবক নিহত



সংগৃহীত ছবি

রাজধানীর মগবাজার এলাকায় ফ্লাইওভারের ওপর থেকে ছোড়া বোমায় সিয়াম (২০) নামে এক যুবক নিহত হয়েছেন। বুধবার রাতে মুক্তিযোদ্ধা গলির সামনে এ মর্মান্তিক ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেছে।

বুধবার (২৪ ডিসেম্বর) রাতের দিকে মুক্তিযোদ্ধা গলির সামনে ফ্লাইওভারের ওপর থেকে অজ্ঞাত ব্যক্তি বা ব্যক্তিরা একটি বোমা নিক্ষেপ করে। বোমাটি নিচে থাকা এক পথচারীর মাথায় আঘাত হানে।

প্রত্যক্ষদর্শীরা জানান, হঠাৎ বিকট শব্দে এলাকাজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে। গুরুতর আহত অবস্থায় যুবকটি ঘটনাস্থলেই প্রাণ হারান। পরে তার পরিচয় নিশ্চিত হওয়া যায়—নিহত যুবকের নাম সিয়াম, বয়স ২০ বছর।

হাতিরঝিল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. গোলাম মুর্তজা বলেন, বোমা নিক্ষেপের খবর পেয়ে তাৎক্ষণিকভাবে পুলিশ ঘটনাস্থলে পাঠানো হয়েছে। বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে এবং বিস্তারিত তথ্য পরে জানানো হবে।

নিহত সিয়ামের বাবা জানান, তার ছেলে একটি মোটর পার্টসের দোকানে কাজ করত। প্রতিদিনের মতো কাজ শেষে বাসায় ফেরার পথে এ হামলার শিকার হয় সে। তিনি এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।